রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জুন ২২, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)

**প্রজ্ঞাপন**

তারিখ : ২ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ/১৬ জুন ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ১৯৯-আইন/২০১৬।**—উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪নং আইন) এর ধারা ৬৩ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

**১। সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা উপজেলা পরিষদ সদস্য ও মহিলা সদস্যদের (অপসারণ, অনাস্থা ও পদ-শূন্যতা) বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

**২। সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় —

(ক) **"আইন"** অর্থ উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪নং আইন);

(খ) **"কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা"** অর্থ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় কমিশনার এবং সদস্য ও মহিলা সদস্যের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার;

(গ) **"ধারা"** অর্থ আইনের কোন ধারা;

(ঘ) **"ফরম"** অর্থ এই বিধিমালার ফরম।

(২) যে সকল শব্দ বা অভিব্যক্তি এই বিধিমালায় ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে এই বিধিমালায়ও সেই অর্থে ব্যবহৃত হইবে।

**৩। অপসারণের অভিযোগ কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ।**—উপজেলা পরিষদের কোন সদস্য বা মহিলা সদস্যের বিরুদ্ধে ধারা ১৩ এর উপ-ধারা (১) এর অধীন বর্ণিত অপসারণযোগ্য কোন অভিযোগের বিষয়ে সরকার তথ্য প্রমাণাদি প্রাপ্ত বা জ্ঞাত হইলে, উহা প্রাপ্তির বা জ্ঞাত হইবার ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তদন্তের জন্য প্রেরণ করিবে।

**৪। অভিযোগের তদন্ত পদ্ধতি।**—(১) বিধি ৩ এর অধীন কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট কোন অভিযোগ তদন্তের জন্য প্রেরণ করা হইলে, কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা উহা প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে তদন্ত আরম্ভ করিবেন, এবং অভিযোগ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক প্রয়োজনীয় দালিলিক প্রমাণাদিসহ অভিযুক্ত সদস্য বা মহিলা সদস্যের কোন বক্তব্য থাকিলে, উহা এই বিধির অধীন নোটিশ প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে উপস্থাপন করিবার জন্য নির্দেশ প্রদান করিবেন।

(২) অভিযুক্ত সদস্য বা মহিলা সদস্য উপ-বিধি (১) এর অধীন নোটিশ জারির পরিপ্রেক্ষিতে লিখিত বক্তব্য ও দালিলিক প্রমাণাদি উপস্থাপন করিলে এবং উহা কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট সন্তোষজনক প্রতীয়মান হইলে, কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত লিখিত বক্তব্য ও দালিলিক প্রমাণাদি প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন প্রস্তুতপূর্বক সরকারের নিকট দাখিল করিবেন।

(৩) অভিযুক্ত সদস্য বা মহিলা সদস্য উপ-বিধি (১) এর অধীন লিখিত বক্তব্য দাখিল না করিলে অথবা উপ-বিধি (২) এর অধীন দাখিলকৃত বক্তব্য কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট সন্তোষজনক প্রতীয়মান না হইলে, তিনি অভিযোগ সম্পর্কে সরেজমিনে তদন্তপূর্বক ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন সরকারের নিকট দাখিল করিবেন।

**৫। তদন্ত প্রতিবেদন বিবেচনা।**—(১) কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট হইতে তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর—

(ক) অপসারণযোগ্য অভিযোগের সত্যতা তদন্তে প্রমাণিত না হওয়ার ক্ষেত্রে, সরকার ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে অভিযোগের নিষ্পত্তি করিবে; এবং

(খ) অপসারণযোগ্য অভিযোগের সত্যতা তদন্তে প্রমাণিত হওয়ার ক্ষেত্রে, সরকার ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদনের সহিত সংযুক্ত কাগজপত্র পর্যালোচনাপূর্বক সন্তুষ্ট হইলে বা, প্রয়োজনে, অধিকতর শুনানি গ্রহণ করিয়া অপসারণের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(২) উপ-বিধি (১) এর দফা (খ) এর অধীন অপসারণের সিদ্ধান্ত গ্রহণ করা হইলে, সরকার অপসারণজনিত পদশূন্যতার বিষয়টি সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রকাশ করিবে, এবং উক্ত প্রজ্ঞাপনের কপি কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা, অপসারণকৃত সদস্য বা মহিলা সদস্য এবং সংশ্লিষ্ট উপজেলা পরিষদের নিকট প্রেরণ করিবে।

**৬। অনাস্থা প্রস্তাবের উপর ভোট গ্রহণ।**—(১) অনাস্থা প্রস্তাবের উপর ভোট গ্রহণের ক্ষেত্রে ধারা ১৩ক এর উপ-ধারা (৯) এর বিধান অনুযায়ী গোপন ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণের ক্ষেত্রে, অতিরিক্ত বিভাগীয় কমিশনার উপস্থিত প্রত্যেক সদস্য ও মহিলা সদস্যকে ফরম-ক অনুযায়ী প্রস্তুতকৃত একটি করিয়া গোপন ব্যালট পেপার প্রদান করিবেন, এবং উক্ত ব্যালট পেপারের নির্দিষ্ট জায়গায় টিক (√) বা ক্রস (×) চিহ্ন প্রদানপূর্বক ভোট প্রদানের আহ্বান করিবেন।

(২) ব্যালট পেপার হস্তান্তরেরর পূর্বে অতিরিক্ত বিভাগীয় কমিশনার ব্যালট পেপারের যথার্থতা নিশ্চিতকল্পে উহার অপর পৃষ্ঠায় স্বাক্ষর করিবেন।

(৩) কোন সদস্য অসাবধানতাবশত কোন ব্যালট পেপার নষ্ট করিয়া ফেলিলে, তাহার অনুরোধের প্রেক্ষিতে, নষ্ট ব্যালট পেপার গ্রহণপূর্বক, তাহাকে ডুপ্লিকেট ব্যালট পেপার প্রদান করা যাইবে।

(৪) ভোট প্রদানের পর ব্যালট পেপার ভাঁজ করিয়া অতিরিক্ত বিভাগীয় কমিশনারের নিকট ফেরত প্রদান করিতে হইবে।

(৫) সকল ব্যালট পেপার প্রাপ্তির সঙ্গে সঙ্গে অতিরিক্ত বিভাগীয় কমিশনার টিক ($\surd$) ও ক্রস ($\times$) চিহ্নিত ভোটসমূহ গণনা করিয়া, তৎক্ষণাৎ ফলাফল ঘোষণা করিবেন, এবং তাহা লিপিবদ্ধ করিবেন।

(৬) টিক ($\surd$) চিহ্নিত ভোট পরিষদের মোট সদস্য সংখ্যার চার-পঞ্চমাংশের কম না হইলে, অনাস্থা প্রস্তাবটি গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৭। **মৃত্যুজনিত কারণে পদ শূন্য ঘোষণা।**— মৃত্যুজনিত কারণে কোন সদস্য বা মহিলা সদস্যের পদ শূন্য হইলে, সংশ্লিষ্ট উপজেলা পরিষদ ৭ (সাত) কার্যদিবসের মধ্যে, তদসম্পর্কে সরকারকে লিখিতভাবে অবহিত করিবে এবং সরকার উক্তরূপ অবহিত হইবার ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা উক্ত পদ শূন্য ঘোষণা করিবে।

৮। **গেজেট প্রজ্ঞাপনের কপি নির্বাচন কমিশনে প্রেরণ।**—পরিষদের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা-সদস্য বা অন্য কোন সদস্যের সদস্য পদ, অপসারণ, অনাস্থা বা মৃত্যুজনিত কারণে সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা শূন্য বলিয়া ঘোষণা করা হইলে, উহার একটি কপি পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অবিলম্বে নির্বাচন কমিশন বরাবর প্রেরণ করিতে হইবে।

৯। **নথিপত্র সংরক্ষণ।**—পদত্যাগ, অপসারণ, অনাস্থা অথবা মৃত্যুজনিত কারণে পদ শূন্য সংক্রান্ত নথিপত্র প্রযোজ্য ক্ষেত্রে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা ও সরকারকে গেজেট প্রজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে
৫ (পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে।

১০। **রহিতকরণ ও হেফাজত।**—(১) The Upazila Parishad Chairman and Members (Resignation, Removal and Vacation of Office) Rules, 1986 অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত এতদ্‌দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Rules এর অধীন যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে উহা এই বিধিমালার অধীনে নিষ্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারির তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**ফরম-ক**

[বিধি-৬ দ্রষ্টব্য]

চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যান/মহিলা-সদস্য/সদস্য এর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাবের ব্যালট পেপার

জনাব ----------------------------, চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যান/মহিলা-সদস্য/সদস্য --------- উপজেলা পরিষদের বিরুদ্ধে আনীত অনাস্থা প্রস্তাব।

অনাস্থা প্রস্তাবের পক্ষে টিক (√) চিহ্ন --------------------------------------------

অনাস্থা প্রস্তাবের বিপক্ষে ক্রস (×) চিহ্ন --------------------------------------------

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল মালেক**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd